



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নথি নং-৪৬.০০.৪৭০০.০১৭.২৭.০০১.১৫- ১৩৪৯

তারিখ : ২৫ অগ্রহায়ণ, ১৪২৭
১০ ডিসেম্বর, ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, খুলনা জেলার দিঘলিয়া উপজেলার ০৬নং যোগিপোল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শেখ আনিছুর রহমান এর বিরুদ্ধে ভিজিডি কার্ডের তালিকা প্রণয়নে অনিয়ম, হোল্ডিং ট্যাক্স বাবদ আদায়কৃত অর্থ আত্মসাত, যথাযথভাবে পরিষদের আয় ব্যয়ের হিসাব সদস্যদেরকে অবহিত না করা, জমি আছে ঘর নেই প্রকল্পে অনিয়মসহ নানা অভিযোগে উক্ত ইউনিয়ন পরিষদের ১০ (দশ) জন সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং সরেজিমন তদন্তে উত্থাপিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;

যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, খুলনা কর্তৃক বিশেষ সভা আহবান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয় এবং অনাস্থা প্রস্তাবের পক্ষে ১০ (দশ)টি ভোট পড়ে যা দুই তৃতীয়াংশের বেশী;

যেহেতু খুলনা জেলার দিঘলিয়া উপজেলার ০৬নং যোগিপোল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শেখ আনিছুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং বিশেষ সভায় উত্থাপিত অনাস্থা প্রস্তাবটি দুই তৃতীয়াংশের বেশী ভোটে গৃহীত হওয়ায় বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক জনস্বার্থে ইউনিয়ন পরিষদের দায়িত্ব পালন করা সমীচীন হবে না মর্মে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, খুলনা'র সুপারিশসহ প্রেরিত অনাস্থা প্রস্তাবটি সরকার কর্তৃক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারা অনুযায়ী অনুমোদিত হয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক জনস্বার্থে অনাস্থা প্রস্তাবটি অনুমোদিত হওয়ায় ০৬নং যোগিপোল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শেখ আনিছুর রহমান এর পদটি একই আইনের ৩৫(১)(চ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোহাম্মদ হফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email:Up1lgd@gmail.com

নথি নং-৪৬.০০.৪৭০০.০১৭.২৭.০০১.১৫- ১৩৪৯

তারিখ : ২৫ অগ্রহায়ণ, ১৪২৭
১০ ডিসেম্বর, ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব (ইউপি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। জনাব শেখ আনিছুর রহমান, চেয়ারম্যান (অপসারণকৃত), ০৬ নং যোগিপোল ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা।
- ০৮। অফিস কপি।


(মোহাম্মদ হফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব